

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
১৫২/১, এস.ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা  
www.cevcomilla.gov.bd

**মূসক অব্যাহতির প্রত্যয়নপত্র**

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর. ও নং- ১৫৪-আইন/২০০৫/৪৪৫-মূসক, তারিখ: ০৯/০৬/২০০৫ খ্রি, এস.আর. ও নং- ১১০-আইন/২০১৪/৭০৫-মূসক, তারিখ: ০৫/০৬/২০১৪ খ্রিস্টাব্দ, ও এস.আর.ও নং-১৮৮-আইন/২০১২/৬৪৬/মূসক, তারিখ: ০৭/০৬/২০১২খ্রিস্টাব্দ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০৭/মূসক/২০০৫, তারিখ: ০৯/০৬/২০০৫ খ্রি: ও সাধারণ আদেশ নং- ১৯/মূসক/২০০৭, তারিখ: ২৮/০৮/২০১৭ খ্রি: এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত এবং শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত মেসার্স উষা জুট স্পিনার্স লিঃ, সানানগর, কুরচাপ, দেবিদ্বার, কুমিল্লা (মূসক নিবন্ধন নং ০০০১৫৬০০) কে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি কাজে ব্যবহৃত গ্যাস মিটার নং ১৪৮৮৩৫ এবং বিদ্যুৎ মিটার নং ১২৯২০৯১৩ এর বিলের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্নবর্ণিত হারে মূসক অব্যাহতির জন্য আদেশ দেয়া হলো।

| নামকরণ কোড/সেবার কোড | পণ্য/সেবার বিবরণ  | মূল্য সংযোজন কর অব্যাহতির হার |
|----------------------|-------------------|-------------------------------|
| ২৭১১.২১.২০           | প্রাকৃতিক গ্যাস   | ৮০ (আশি) শতাংশ                |
| So৫৭.০০              | বিদ্যুৎ বিতরণকারী | ৮০ (আশি) শতাংশ                |

**শর্তাবলী:**

- এ অব্যাহতির আদেশ জুন/২০১৮ মাসের বিল থেকে কার্যকর হবে এবং মে/২০২০ মাস পর্যন্ত বহাল থাকবে;
- উল্লিখিত গ্যাস এবং বিদ্যুৎ মিটার আলোচ্য প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত থাকতে হবে এবং এগুলো প্রতিষ্ঠানের নিবন্ধিত অঙ্গনে/অফিসে সংস্থাপিত থাকতে হবে;
- প্রতিষ্ঠান সংলগ্ন আবাসিক ভবন ও রেস্ট হাউসে কোন অবস্থাতেই মূসক অব্যাহতির সুযোগ গ্রহণ করা যাবে না। আদেশভুক্ত উক্ত মিটারদ্বয়ের মাধ্যমে আবাসিক ভবন ও রেস্ট হাউসে গ্যাস ও বিদ্যুৎ ব্যবহারের কোন প্রমাণ পাওয়া গেলে প্রতিষ্ঠানের মূসক অব্যাহতির সুযোগ বাতিল করা হবে;
- সংশ্লিষ্ট শিল্পে গ্যাস ও বিদ্যুৎ সেবা রপ্তানি সহায়ক কাজে ব্যবহৃত হতে হবে;
- এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উপরে বর্ণিত সাধারণ আদেশের 'পরিশিষ্ট-ক' এর ছক মোতাবেক সংশ্লিষ্ট দলিলাদিসহ বিভাগীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে;
- প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC -র কপি স্থানীয় মূসক কার্যালয়ে দাখিল করতে হবে;
- উপর্যুক্ত সাধারণ আদেশের বিধান যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে।

- প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত তথ্য ও প্রামাণ্য কাগজপত্রের ভিত্তিতে এই প্রত্যয়নপত্র প্রদান করা হলো। পরবর্তী সময়ে উপস্থাপিত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে কিংবা কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে এই অব্যাহতির সুবিধা বাতিলসহ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ মাহবুবুলজামান)

কমিশনার (চলতি দায়িত্ব)

ফোন: ০৮১-৬৯২৯১

E-mail: cevccomilla@gmail.com

স্মারক নম্বর: ৪র্থ/এ(১২)২৪/মূসক-গ্যাস-বিদ্যুৎ-অব্যাহতি/১২/


৪৫২১-৬

তারিখ:

২৭ জ্যৈষ্ঠ ১৪২৫  
২৩ জুলাই ২০১৮

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, কুমিল্লা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড, কুমিল্লা।
- ৩। দ্বিতীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, কুমিল্লা।
- ৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কমিশনারেট, কুমিল্লা। আপনাকে প্রত্যয়নপত্রটি এ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর সার্কেল, কুমিল্লা। আপনাকে প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC কপি দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। মেসার্স উষা জুট স্পিনার্স লিঃ, সানানগর, কুরচাপ, দেবিদ্বার, কুমিল্লা (মূসক নিবন্ধন নং ২৩০৪১০০৭১৩২ এলাকা ২৩০১০৪)

  
(তপন কুমার চক্রবর্তী)  
উপ-কমিশনার  
কমিশনারের পক্ষে।